57

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 DEC 1998 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# ভিক্টোরিয়া কলেজ বন্ধের প্রতিবাদে বিক্ষোভ

কুমিল্লা হইতে সংবাদদাতা ঃ ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ গতকাল (বুধবার) হইতে ২৩শে জানুয়ারী পর্যন্ত এক মাসের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। কলেজ বন্ধের এই ঘোষণার প্রতিবাদে কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ বিক্ষোভ মিছিল-সমাবেশ ও কলেজ অধ্যক্ষের নিকট স্মারকলিপি প্রদান করে। গতকাল সন্ধ্যায় ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রলীগের উদ্যোগে প্রেসক্লাবে আহূত এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, ভয়াবহ বন্যায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার ক্ষয়-ক্ষতি লাঘবের জন্য সরকার রমজান মাসে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার সিদ্ধান্ত গ্রহণ করে। এই সিদ্ধান্তকে রাজনৈতিক অসৎ উদ্দেশ্য প্রতিহত করার জন্য ছাত্রদল ও ছাত্র শিবিরের সমন্বয়ে গঠিত ছাত্র সংসদের সন্ত্রাসীরা জোরপূর্বক গত ২১ ডিসেম্বর ক্লাস রুমে ও কলেজের প্রধান ফটকে তালা ঝুলাইয়া দেয়। ফলে কলেজ কর্তৃপক্ষ ২৩ ডিসেম্বর সম্পূর্ণ অযৌক্তিকভাবে কলেজ বন্ধ ঘোষণা করিতে বাধ্য হন। ছাত্রলীগ নেতৃবৃন্দ অবিলম্বে কলেজ খুলিয়া দেওয়ার আহ্বান জানান।